

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৩১.১৯.৩২

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৫

২৭ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৩৮১১/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ এবং টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০২.১২.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: শরিফুল ইসলাম, পিতা- মো: গিয়াস উদ্দীন, মাতা- সুফিয়া খাতুন, সহকারী মৌলভী, পোড়াবাড়ী সাবেরিয়া দাখিল মাদরাসা, গাজীপুর সদর, গাজীপুর, ইনডেক্স নং-২১২২১২৫ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৮১১/২০১৮ দায়ের করা হয়েছে।

০২. রিট পিটিশন নং-১৩৮১১/২০১৮ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্ট এবং চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৩. জনাব মো: শরিফুল ইসলাম, পিতা- মো: গিয়াস উদ্দীন ০১.০৯.২০১৬ খ্রি: তারিখে সহকারী মৌলভী, পোড়াবাড়ী সাবেরিয়া দাখিল মাদরাসা, গাজীপুর সদর, গাজীপুর পদে যোগদান করেন। তার ইনডেক্স নং-২১২২১২৫। তিনি এমপিওভুক্ত হয়েছেন কিন্তু জুলাই.২০১৮ থেকে এমপিও পাচ্ছেন না (তার বর্ণনামতে)। এমতাবস্থায় সংশ্লিষ্ট হয়ে এমপিও প্রাপ্তির দাবিতে জনাব মো: শরিফুল ইসলাম কর্তৃক রিট পিটিশন নং-১৩৮১১/২০১৮ দায়ের করা হয়েছে।

০৪. উক্ত মামলায় শুনানীতে রেসপনডেন্টস এর পক্ষে বিজ্ঞ ডি.এ.জি মি. মো: মকলেসুর রহমান এবং তাঁর সাথে বিজ্ঞ এ.এ.জি মিস, সূচিরা হোসেন ও বিজ্ঞ এ.এ.জি মিস. সামিরা তারানুম রাবেয়া উপস্থিত ছিলেন এবং আবেদনকারীর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট মি. মো: আমজাদ হোসেন উপস্থিত ছিলেন মর্মে রুল নিশিতে উল্লেখ রয়েছে।

০৫. উক্ত রিট মামলায় গত ০২ ডিসেম্বর, ২০১৮ খ্রি: মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ রুল নিশি জারি করা হয়:

" ... this court doth order and do issue a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 30th Day of December, 2018, as to why inaction of the respondents in paying the salary of Monthly Pay Order (M.P.O) of the petitioner being Assistant Moulouvi, Porabari Saberba Dakhil Madrasha, Gazipur Sadar, Gazipur under Index No.2122125, should not be declared without lawful authority and is of no legal effect, and as to why direction upon the respondents should be issued to pay the Monthly Pay Order (M.P.O) of the Writ Petitioner as Assistant Moulouvi of Porabari Saberba Dakhil Madrasha, Gazipur Sadar, Gazipur being index No.2122125 and/or such other or further order or orders be passed as to this Court may seem fit and proper."

০৬. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. উক্ত রিট মামলায় সরকার পক্ষে আদালতে দাখিল হয়েছে কি-না? না হয়ে থাকলে কবে ন্যূনতম সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল করা সম্ভব হবে ?

খ. উক্ত মামলায় শুনানী হয়েছে কীনা? শুনানী হয়ে কোন রায় প্রদান করা হয়েছে কি-না?

- গ. রায় হয়ে থাকলে তা সরকার প্রতিকূলে হয়েছে কি-না?
 ঘ. রায় সরকার প্রতিকূলে হয়ে থাকলে উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের হয়েছে কি-না?
 ঙ. আপীল দায়ের না হয়ে থাকলে দায়ের না হওয়ার কারণ কী?
 চ. উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?
 ছ. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?
 ০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩৮১১/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে চাহিত তথ্য (প্রমাণকসহ) আগামী ১৮.০৩.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১-৩-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
 সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৩১.১৯.৩২/১(৭)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৫
 ২৭ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



১-৩-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
 সংযুক্ত কর্মকর্তা (আইন)